রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মে ৫, ২০১৬**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২২ বৈশাখ, ১৪২৩ মোতাবেক ৫ মে, ২০১৬

নিম্নলিখিত বিলটি ২২ বৈশাখ, ১৪২৩ মোতাবেক ৫ মে, ২০১৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে:—

## বা. জা. স. বিল নং ২৮/২০১৬

## Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 (Ordinance No. XI of 1978) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন Supreme Court Judges (Remuneration and Privileges) (Amendment) Act, 2016 নামে অভিহিত হইবে।

(২) এই আইনের—

(ক) ধারা ২, ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) অন্যান্য ধারা, দফা (গ) এর বিধান সাপেক্ষে, ১৭ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে; এবং

(গ) ধারা ৩ দ্বারা সন্নিবেশিত section 3G-তে উল্লিখিত বাংলা নববর্ষ ভাতা (Bangla New Year allowance) ১৪২৩ বঙ্গাব্দ হইতে প্রবর্তিত হইবে।

২। **Ordinance No. XI of 1978 এর section 3 এর সংশোধন**।—Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 (Ordinance No. XI of 1978), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (1) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(1) There shall be paid to the Judges a salary at the following rates, namely:—

| | | |
|---|---|---|
| (i) | The Chief Justice | - Taka 1,10,000 per mensem; |
| (ii) | A Judge of the Appellate Division | - Taka 1,05,000 per mensem; |
| (iii) | A Judge of the High Court Division | - Taka 95,000 per mensem."। |

৩। **Ordinance No. XI of 1978 এর section 3E এর পর নূতন sections 3F এবং 3G এর সন্নিবেশ**।—উক্ত Ordinance এর section 3E এর পর নিম্নরূপ নূতন sections 3F এবং 3G সন্নিবেশিত হইবে, যথা:—

**"3F. Festival allowance.**—(1) There shall be paid to a Judge festival allowance equal to two month's pay of his salary in every year.

(2) The allowance under sub-section (1) shall be paid following the provisions mentioned in the Finance Division's Memo No. FM/FD(Imp)-4/FB-12/86/29, dated 3 July 1988, and other notifications issued, from time to time, in this behalf by the Government.

**3G. Bangla New Year allowance**.—(1) There shall be paid to a Judge a Bangla New Year allowance once in every year at the rate of 20% of his salary per mensem.

(2) The allowance under sub-section (1) shall be paid following the provisions mentioned in the Finance Division's Memo No. 07.00.0000.173.44.018.14-78, deted 14 October 2015."।

৪। **Ordinance No. XI of 1978 এর section 4 এর সংশোধন**।—উক্ত Ordinance এর section 4 এর—

(ক) sub-section (1) এর—

(অ) clause (a) তে উল্লিখিত "Taka 26,600" শব্দ, সংখ্যা ও কমার পরিবর্তে "Taka 50,600" শব্দ, সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে;

(আ) clause (b) তে উল্লিখিত "Taka 15,000" শব্দ, সংখ্যা ও কমার পরিবর্তে "Taka 25,000" শব্দ, সংখ্যা ও কমা এবং "Taka 1,000" শব্দ, সংখ্যা ও কমার পরিবর্তে "Taka 2,000" শব্দ, সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে;

(খ) sub-section (2) এবং (3) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (2) এবং (3) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(2) There shall be paid to the Judges a domestic aid allowance at the following rates, namely :—

| | | | |
|---|---|---|---|
| (i) | The Chief Justice | - | Taka 5,000 per mensem; |
| (ii) | A Judge of the Appellate Division | - | Taka 4,500 per mensem; |
| (iii) | A Judge of the High Court Division | - | Taka 4,000 per mensem. |

(3) There shall be paid to the Judges a sumptuary allowance at the following rates, namely :—

| | | | |
|---|---|---|---|
| (i) | The Chief Justice | - | Taka 12,000 per mensem; |
| (ii) | A Judge of the Appellate Division | - | Taka 8,000 per mensem; |
| (iii) | A Judge of the High Court Division | - | Taka 5,000 per mensem."। |

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

প্রধান বিচারপতি, আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারকগণের বেতন ও ভাতাদি Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 দ্বারা নির্ধারিত হয়ে থাকে। বর্তমানে জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি, মূল্যস্ফীতি এবং দেশের আর্থ সামাজিক অবস্থার প্রেক্ষাপটসহ সরকারি কর্মচারীদের জন্য ৮ম জাতীয় বেতন স্কেল ঘোষণা করার কারণে বাংলাদেশের প্রধান বিচারপতি, আপীল বিভাগ এবং হাইকোর্ট বিভাগের বিচারকগণের জন্য সময়োপযোগী বেতন-ভাতাদি নির্ধারণ করা প্রয়োজন। সে লক্ষ্যে প্রধান বিচারপতির বেতন ৫৬,০০০ টাকা হতে বৃদ্ধি করে ১,১০,০০০ টাকা; ব্যয় নিয়ামক ভাতা, ৭,০০০ টাকা হতে বৃদ্ধি করে ১২,০০০ টাকা; ডমেস্টিক এইড ভাতা ১,৬২৫ টাকা হতে বৃদ্ধি করে ৫,০০০ টাকা; কার এলাউন্স (অফিসিয়াল গাড়ি সরবরাহের পূর্ব পর্যন্ত ব্যক্তিগত গাড়ি ব্যবহারের ক্ষেত্রে) ১৫,০০০ টাকা হতে বৃদ্ধি করে ২৫,০০০ টাকা, (অফিসিয়াল গাড়ি সরবরাহের পূর্ব পর্যন্ত ব্যক্তিগত গাড়ি ব্যবহার না করলে) ১,০০০ টাকা হতে বৃদ্ধি করে ২,০০০ টাকা করার প্রস্তাব করার হয়েছে। আপীল বিভাগের বিচারকগণের বেতন ৫৩,১০০ টাকা হতে বৃদ্ধি করে ১,০৫,০০০ টাকা; ব্যয় নিয়ামক ভাতা ৫,০০০ টাকা হতে বৃদ্ধি করে ৮,০০০ টাকা; ডমেস্টিক এইড ভাতা ১,৪৬৫ টাকা হতে বৃদ্ধি করে ৪,৫০০ টাকা; রেসিডেন্স এলাউন্স (অফিসিয়াল বাসা বরাদ্দের পূর্ব পর্যন্ত) ২৬,৬০০ টাকা হতে বৃদ্ধি করে ৫০,৬০০ টাকা; কার এলাউন্স (অফিসিয়াল গাড়ি সরবরাহের পূর্ব পর্যন্ত ব্যক্তিগত গাড়ি ব্যবহারের ক্ষেত্রে) ১৫,০০০ টাকা হতে বৃদ্ধি করে

২৫,০০০ টাকা, (অফিসিয়াল গাড়ি সরবরাহের পূর্ব পর্যন্ত ব্যক্তিগত গাড়ি ব্যবহার না করলে) ১,০০০ টাকা হতে বৃদ্ধি করে ২,০০০ টাকা করার প্রস্তাব করা হয়েছে। হাইকোর্ট বিভাগের বিচারকগণের বেতন ৪৯,০০০ টাকা হতে বৃদ্ধি করে ৯৫,০০০ টাকা; ব্যয় নিয়ামক ভাতা ৩,০০০ টাকা হতে বৃদ্ধি করে ৫,০০০ টাকা; ডমেস্টিক এইড ভাতা ১,৩০০ টাকা হতে বৃদ্ধি করে ৪,০০০ টাকা; রেসিডেন্স এলাউন্স (অফিসিয়াল বাসা বরাদ্দের পূর্ব পর্যন্ত) ২৬,৬০০ টাকা হতে বৃদ্ধি করে ৫০,৬০০ টাকা; কার এলাউন্স (অফিসিয়াল গাড়ি সরবরাহের পূর্ব পর্যন্ত ব্যক্তিগত গাড়ি ব্যবহারের ক্ষেত্রে) ১৫,০০০ টাকা হতে বৃদ্ধি করে ২৫,০০০ টাকা, (অফিসিয়াল গাড়ি সরবরাহের পূর্ব পর্যন্ত ব্যক্তিগত গাড়ি ব্যবহার না করলে) ১,০০০ টাকা হতে বৃদ্ধি করে ২,০০০ টাকা করার প্রস্তাব করা হয়েছে। এছাড়াও বাংলাদেশের প্রধান বিচারপতি, আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারকগণ বছরে দু'বার মূল বেতনের সমপরিমাণ অর্থ উৎসব ভাতা হিসেবে প্রাপ্ত হবেন। এছাড়া বাংলাদেশের প্রধান বিচারপতি, আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারকগণ বছরে একবার মূল বেতনের ২০% অর্থ বাংলা নববর্ষ ভাতা হিসেবে প্রাপ্ত হবেন। ফলে বাংলাদেশের প্রধান বিচারপতি, আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারকগণের বেতন-ভাতাদি বৃদ্ধির লক্ষ্যে Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 সংশোধন করা প্রয়োজন।

২। উক্ত উদ্দেশ্য পূরণকল্পে, Supreme Court Judges (Remuneration and Privileges) (Amendment) Act, 2016 শীর্ষক বিল মহান জাতীয় সংসদে উত্থাপন করা হলো।

**আনিসুল হক**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd